TRIPURA LEGISLATIVE ASSEMBLY

6th Session

Questions For Written Answer (Un-Starred)

Total Question - 23

----

24 - রাজ্যের আদালতে বিচারাধীন মামলার তথ্য

1 Shri Nirmal Biswas (Khowai) :

LAW ১। বর্তমানে রাজ্যে আদালতগুলিতে মোট কত সংখ্যক মামলা বিচারাধীন রয়েছে (স্তর ভিত্তিক আদালতের আলাদা আলাদা হিসাব);
২। রাজ্যে বর্তমানে ধর্ষন সংক্রান্ত কতটি মামলা আদালতে বিচারধীন রয়েছে ;
৩। গত ৩ বছরে রাজ্যে ধর্ষন সংক্রান্ত কতটি মামলার রায় ঘোষিত হয়েছে ; এবং
৪। এর মধ্যে কতটি মামলায় আসামীরা সাজা পেয়েছে ?

----

31 - কেন্দ্রীয় প্রকল্পে বরাদ্দকৃত অর্থ এবং অর্থ ব্যয় সংক্রান্ত তথ্য

2 Shri Dipankar Sen (Belonia):

Planning & Coordination ১। ২০২৪-২৫ অর্থ বছরে কোন কোন কেন্দ্রীয় প্রকল্পে কত টাকা বরাদ্দ ছিল এবং এখন পর্যন্ত কত টাকা পাওয়া গেছে ; এর মধ্যে এখন পর্যন্ত কত টাকা ব্যয় হয়েছে ?

----

34 - Northeast Infrastructure Development Scheme (NESIDS) প্রকল্প থেকে প্রাপ্ত অর্থ এবং উন্নয়ন মূলক কাজের বিষয়ে

3 Shri Ranjit Debbarma (Ramchandraghat):

Planning & Coordination ১। ২০২৩-২৪ অর্থ বছরের মার্চ মাস পর্যন্ত North East

Infrastructure Development Scheme (NESIDS) প্রকল্পে বিভিন্ন উন্নয়নের জন্য রাজ্য সরকার কত অর্থ পেয়েছে (বছর ভিত্তিক হিসাব) ;
২। প্রাপ্ত অর্থ থেকে এডিসি এলাকার উন্নয়নের জন্য কত বরাদ্দ করা হয়েছে ?

----

35 - Non Lapsable Central Pool of Resources (NLCPR) থেকে প্রাপ্ত অর্থের বিষয়ে

4 **Shri Ranjit Debbarma (Ramchandraghat):**

Planning & Coordination ১। গত দু'টি অর্থ বছরে Non Lapsable Central Pool of Resources (NLCPR) থেকে রাজ্য সরকার উন্নয়নের জন্য কত অর্থ পেয়েছে ?

----

50 - রাজ্যে পশু খাদ্য তৈরীর কারখানার বিষয়ে

5 **Shri Ranjit Debbarma (Ramchandraghat):**

Animal Resource Development ১। খোয়াই জেলা সহ এডিসি এলাকায় পশু খাদ্য তৈরী কারখানা খোলার কোন পরিকল্পনা প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের আছে কি না ?

----

51 - একটি ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড অ্যানিমেল রিসোর্সেস কলেজ স্থাপন এবং অধ্যয়নরত SC/ST ছাত্রদের সংখ্যা সম্পর্কে

6 **Shri Ranjit Debbarma (Ramchandraghat):**

Animal Resource Development ১। কলেজ অফ ভেটেরিনারী সায়েন্স এন্ড অ্যানিমেল রির্সোসে পাঠরত এসসি / এসটি ছাত্র-ছাত্রীর সংখ্যা কত ;
২। উক্ত কলেজে এস সি/এস টি ছাত্র-ছাত্রীদের থাকার জন্য হোস্টেলের কোন ব্যবস্থা আছে কি না ; ৩। না থাকিলে ভবিষ্যতে হোস্টেল নির্মাণ করার জন্য কোন পরিকল্পনা সরকারের আছে কি না ; ৪। এডিসি হেড় কোটায়ার খুমুলুং-এ একটি কলেজ অফ ভেটেরিনারী সায়েন্স এন্ড অ্যানিমেল রির্সোস খোলার জন্য রাজ্য সরকারের কোন প্রস্তাব / চিন্তাধারা আছে কি না ?

----

52 - পশু হাসপাতাল(ডিসপেনসারী) এবং সাব-সেন্টারের বিষয়ে

7 **Shri Ranjit Debbarma (Ramchandraghat):**

Animal Resource Development ১। বর্তমানে রাজ্যের এডিসি এলাকায় কয়টি পশু হাসপাতালে (ডিসপেনসারী) এবং কয়টি সাব-সেন্টার রয়েছে (বিস্তারিত তথ্য সহ) ;
২। তার মধ্যে পদ্মবিল ব্লকের অধীন কয়টি ডিসপেনসারী এবং কয়টি সাব-সেন্টার আছে (নাম সহ তথ্য) ;
৩। উক্ত ব্লকে নতুন করে আরো পশু হাসপতাল (ডিসপেনসারী) এবং সাব-সেন্টার খোলার জন্য কোন পরিকল্পনা সরকারের আছে কি না ?

----

54 - খুমুলুং-এ ও পদ্মবিল ব্লকের অধীনে বাইজলবাড়ীতে একটি করে ডিগ্রী কলেজ স্থাপনের বিষয়ে

8 Shri Ranjit Debbarma (Ramchandraghat):

Education ১। এডিসি হেড্কোয়ার্টার খুমুলুং এ একটি ইংলিশ মিডিয়াম কলেজ স্থাপন করার রাজ্য সরকারের কোন পরিকল্পনা আছে কি না ; এবং ২। রামচন্দ্রঘাট বিধানসভা কেন্দ্রের পদ্মবিল ব্লকের অধীন বাইজলবাড়ীতে একটি ডিগ্রি কলেজ স্থাপনের জন্য রাজ্য সরকারের কোন প্রস্তাব আছে কি না ?

----

56 - রাজ্য সরকারের Law and Parliamentary Affairs দপ্তরে কর্মরত কর্মচারী এবং শূন্যপদের বিষয়ে তথ্য

9 **শ্রী রঞ্জিত দেববর্মা (রামচন্দ্রঘাট):**

আইন (সংসদীয় বিষয় সহ) ১। বর্তমানে রাজ্য সরকারের Law and Parliamentary Affairs দপ্তরে কতজন কর্মচারী কর্মরত রয়েছে ; এর মধ্যে এস.সি এবং এস.টি কর্মচারীর সংখ্যা কত (বিস্তারিত তথ্য সহ) ;
২। উক্ত দপ্তরে গত তিনটি অর্থ বছরে আউটসোর্সিং প্রথায় কতজন কর্মচারীকে নিযুক্তি দেওয়া হয়েছে ; এর মধ্যে কতজন এস.সি এবং এস.টি কর্মচারী রয়েছে ; এবং৩। শূন্যপদগুলি পূরনের জন্য এখন পর্যন্ত দপ্তর থেকে কি কি পদক্ষেপ নেওয়া হয়েছে ?

----

77 - রাজ্যে ট্রিপল আই.টি. প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য

10 **শ্রী রঞ্জিত দেববর্মা (রামচন্দ্রঘাট):**

শিক্ষা ১। রাজ্যে ট্রিপল আই টি'র নিজস্ব প্রতিষ্ঠান গড়ে তোলার জন্য কোন স্থান অথবা জায়গা নির্বাচন করা হয়েছে কি না ;
২। হয়ে থাকলে তা কোথায় ?

----

79 - বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্প (BEUP) সম্পর্কিত তথ্য

11 **শ্রী রঞ্জিত দেববর্মা (রামচন্দ্রঘাট):**

পরিকল্পনা ও সমন্বয় ১। বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্প (BEUP) থেকে প্রতিমাসে এক লক্ষ টাকা এলাকার গরীব BPL (GP) পরিবারের চিকিৎসা বাবদ খরচ করার ক্ষমতা Nodal Officer (SDM) মাধ্যমে প্রত্যেক বিধায়কদের দেওয়ার জন্য সরকারের কোন বিবেচনা আছে কি ;
২। যদি বিবেচনা থাকে তবে কবে নাগাদ হবে বলে আশা করা যায় ; এবং
৩। না থাকলে তার কারণ কি ?

----

85 - রাজ্যের এডিসি এলাকায় উন্নতজাতের শূকর ছানা প্রজনন কেন্দ্র সম্পর্কে

12 Shri Ranjit Debbarma (Ramchandraghat):

Animal Resource Development ১। বর্তমানে রাজ্যে কয়টি উন্নতজাতের শূকর ছানা প্রজনন কেন্দ্র আছে ;
২। রামচন্দ্রঘাট বিধানসভা কেন্দ্রে উন্নত জাতের শূকর ছানা প্রজনন কেন্দ্র খোলার কোন পরিকল্পনা দপ্তরের আছে কি না ;
৩। যদি থাকে তবে কবে নাগাদ হবে বলে আশা করা যায় ?

----

113 - রাজ্যের ডিগ্রী কলেজ এবং নতুন ডিগ্রী কলেজ স্থাপন এবং গেস্ট লেকচারার বিষয়ে তথ্য

13 Shri Islam Uddin (Kadamtala-Kurti) :
Shri Nirmal Biswas (Khowai) :

Education ১। রাজ্যে মোট ডিগ্রী কলেজ-এর সংখ্যা কত এবং কদমতলা ব্লক এলাকায় ডিগ্রী কলেজ স্থাপন করার কোন পরিকল্পনা দপ্তরের আছে কি না ;
২। কলেজগুলিতে মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা কত ; এবং
৩। কলেজগুলিতে কতজন গেস্ট লেকচারার রয়েছেন ?

----

121 - পশু চিকিৎসা কেন্দ্রে পরিকাঠামো তৈরির বিষয়ে

14 Shri Kishor Barman (Nalchar):

Animal Resource Development ১) ইহা কি সত্য যে নলছড় ব্লকের অন্তর্গত জুমেরঢেপা পশু চিকিৎসা কেন্দ্রটি ডিসপেনসারি (Dispensary) হিসাবে ঘোষণা করা হয়েছে ;২) যদি সত্য হয় তবে তার প্রয়োজনীয় পরিকাঠামো নির্মাণ করার জন্য দপ্তরের কোন পরিকল্পনা আছে কি না ;৩) থাকলে কবে নাগাদ তার প্রয়োজনীয় পরিকাঠামো নির্মাণ করা হবে ?

----

126 - মুম্বাইয়ে ত্রিপুরা ভবন স্থাপন

15 Shri Sailendra Chandra Nath (Jubarajnagar):

Planning & Coordination ১। ইহা কি সত্য যে, নবী মুম্বাইয়ে সেক্টর-১৬ খারগড়ে ,CIDCO দপ্তর থেকে ৬০ বছরে লীজে ২০০০ স্কয়ার মিটার জমি নেওয়া হয়েছে ত্রিপুরা ভবন বানাবার জন্য ফেব্রুয়ারি ২০২১ সালে ;২) যদি সত্য হয় তাহলে ভবন বানানোর কাজ বর্তমানে কোন অবস্থায় রয়েছে ; এবং৩) ভবন তৈরীর কাজ কবে নাগাদ সম্পন্ন করা যাবে বলে আশা করা যায় ?

----

137 - Number of sanctioned posts of teachers in Higher Education and available vacancies.

16 **Shri Jitendra Chaudhury (Sabroom):**

Education:-

1. What is the number of sanctioned post of teachers in Higher Education i.e. Assistant Professor, Professor and Principal etc. (Category wise detail please) ?

2. As on 30th November, 2024 what number of posts are lying vacant against above sanctioned posts (Category wise detail please) ?

3. What is the plan of action to fill up all the available vacancies ?

----

150 - কেমতলী অদ্বৈত মল্লবর্মণ স্মৃতি পাঠাগার বিষয়ক

17 **Shri Kishor Barman (Nalchar) :**

Education ১) নলছড় বিধানসভা নির্বাচনী কেন্দ্রে কোন সরকারি পাবলিক লাইব্রেরী আছে কি না ; ২) যদি না থাকে তাহলে পাবলিক লাইব্রেরী নির্মাণের সরকারের কোন পরিকল্পনা আছে কি না ; ৩) ইহা কি সত্য, নলছড় বিধানসভার অন্তর্গত কেমতলী গ্রামে 'অদ্বৈত মল্লবর্মন স্মৃতি পাঠাগার' নামে একটি লাইব্রেরী ছিল ; ৪) থাকলে উক্ত লাইব্রেরীটি কি অবস্থায় আছে ; ৫) কবে নাগাদ উক্ত লাইব্রেরিটি পুনরায় চালু হবে বলে আশা করা যায় ?

----

158 - রাজ্যে পরিত্যক্ত গরু ও অন্যান্য গবাদি পশু রক্ষনাব্যক্ষনে পশুশালা বা গোশালা পরিচালনা সম্পর্কে।

18 **Shri Jitendra Chaudhury (Sabroom):**

Animal Resource Development ১) রাজ্যে পরিত্যক্ত গরু ও অন্যান্য গবাদি পশু রক্ষনাবেক্ষনে মোট ক'টি পশুশালা বা গোশালা রয়েছে , এইসকল পশুশালা সমূহ কারা পরিচালনা করছেন এবং বর্তমানে এই পশুশালা সমূহে মোট ক'টি করে পশু রয়েছে (মহকুমা ভিত্তিক পশুশালা সমূহের ঠিকানা এবং পরিচালকদের নাম) ;২) এই সকল পশুশালা পরিচালনায় রাজ্য সরকারের তহবিল থেকে কি কি ধরণের সাহায্য প্রদান করা হয় এবং ২০২৪-২৫ সালে কত অর্থ বরাদ্দ করা হয়েছে ; ৩) আগামী দিনগুলিতে এই জাতীয় পশুশালার সংখ্যা আরো বৃদ্ধি করা হবে কিনা এবং মজুত পশুশালা সমূহে আধুনিক সুবিধাদি সম্প্রসারণের কি কি পরিকল্পনা রয়েছে ?

----

159 - প্রানীবন্ধু কর্মীদের সংখ্যা, তাঁদের কাজ এবং প্রাপ্ত সুবিধাদি সম্পর্কে।

19 **Shri Jitendra Chaudhury (Sabroom):**

Animal Resource Development ১) Animal Resource Development Department এ প্রশিক্ষণ প্রাপ্ত মোট কতজন "প্রানী বন্ধু" কর্মী রয়েছেন ; ২) এই প্রানীবন্ধু কর্মীদের মাধ্যমে কি কি পরিষেবা প্রদান করা হয় এবং এই পরিষেবার বিনিময়ে তাঁরা কি কি পান ;৩) FND, LSD এবং Brassela Vaccine দেয়ার বিনিময়ে প্রানীবন্ধুদের প্রতিটি Vaccine পিছু কত অর্থ প্রদান করা হয় ; ৪) ২০২৩-২৪ এবং ২০২৪-২৫ অর্থ বর্ষে এখন পর্যন্ত এই প্রানীবন্ধুদের দ্বারা মোট কি পরিমান পরিষেবা প্রদান করা হয়েছে এবং তাঁদের কি পরিমান আর্থিক ও অন্যান্য সুবিধা দেয়া হয়েছে ?

----

160 - Composite plan for Animal Husbandry and Dairy Farming towards enhancing the income and livelihood quality.

20 **Shri Jitendra Chaudhury (Sabroom):**

Animal Resource Development 1. Whether the Government have formulated any composite plan to help farmers to gain better understanding of latest practices & techniques in Animal Husbandry and Dairy Farming towards enhancing their income and livelihood quality (If yes, then the detail please) ? 2. If yes, whether Government is having any plan to identify cluster of village(s) for implementation of such plan (the number of such clusters) ? 3. What is the amount earmarked for the year 2024-25 for implementation of such projects ?

----

161 - Impact of Lumpy Skin Diseases(LSD).

21 **Shri Jitendra Chaudhury (Sabroom):**

Animal Resource Development 1. What is the average number of deaths of cattle due to the outbreak of Lumpy Skin Disease (LSD) during last three years (2022, 2023 and till date of 2024) ? 2. Whether Government has conducted any study on the damage caused to A2 cows due to LSD in the state and if conducted, then the report ? 3. Whether the Government has provided compensation to the farmers, who lost their cattles due to this diseases (number of beneficiaries and amount spent during last three years) ?

----

162 - Rashtriya Gokul Mission (RGM) সম্পর্কে।

22 **Shri Jitendra Chaudhury (Sabroom):**

Animal Resource Development ১) Rashtriya Gokul Mission (RGM) গঠনের উদ্দেশ্য কি ; ২) ত্রিপুরা রাজ্যে বিগত ৩টি অর্থ বছরে RGM থেকে কত অর্থ বরাদ্দ হয়েছে এবং তা কি কি খাতে খরচ করা হয়েছে ; ৩) RGM থেকে মূলতঃ কারা সহায়তা পাওয়ার জন্য বিবেচিত হন এবং এই প্রকল্প রূপায়নের ক্ষেত্রে দপ্তরের তদারকীর পদ্ধতি কি ; ৪) গত ৩টি অর্থ বছরে মোট কতজন সুবিধাভোগী উপকৃত হয়েছেন ?

----

194 - ধলাই জেলার সুরমা বিধানসভা কেন্দ্রে একটি মহিলা কলেজ স্থাপনের বিষয়ে

23 **শ্রীমতী স্বপ্না দাস পাল (সুরমা):**

শিক্ষা ১। সুরমা বিধানসভা এলাকায় একটি মহিলা মহাবিদ্যালয় স্থাপন করার কোন পরিকল্পনা দপ্তরের আছে কি না ;২। থাকলে কবে নাগাদ আশা করা যায় ?